গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
অধিশাখা-১২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০১২.০২.০১১.২৪.৭৪

তারিখ : ৩০ বৈশাখ ১৪৩১
১৩ মে ২০২৪

# বিজ্ঞপ্তি

[ বিজ্ঞান ও প্রযুক্তি সচেতন জনগণ বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নের ভিত্তি ]

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।**

২০২৪-২০২৫ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের জন্য অনলাইনে **(https://grant.most.gov.bd/en/services/most/scientific-organization-grant)** দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। **শর্তাবলি:**

(১) আবেদনকারীকে সংশ্লিষ্ট নীতিমালায় উল্লিখিত শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে (নীতিমালা মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.most.gov.bd এ পাওয়া যাবে)।

(২) অনলাইনে আবেদন করার পূর্বে উপরের লিংকের ওয়েব পেজ থেকে প্রথমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (আইডিএসডিপি)-এ নিবন্ধিত হতে হবে। নিবন্ধিত হওয়ার পর বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদানের জন্য আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID/SMART CARD) স্ক্যান কপিসহ চাহিত সকল তথ্য/দলিলাদি সংযুক্ত/আপলোড করতে হবে। এ বিজ্ঞাপন প্রকাশের দিন থেকে **আগামী ৩০ জুন ২০২৪ তারিখ রাত ১২.০০ পর্যন্ত** আবেদন সাবমিটের জন্য লিংক সক্রিয় থাকবে।

(৩) একটি সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠান কেবলমাত্র ০১ (এক)টি আবেদন দাখিল করতে পারবে।

(৪) প্রযোজ্যমত সভাপতি/চেয়ারম্যান অথবা সাধারণ সম্পাদক/মহাসচিব পরিচয়ে প্রতিষ্ঠানের পক্ষে আবেদন করতে হবে। সরকারি অনুদানের অর্থ ব্যয়ের সকল দায়দায়িত্ব আবেদনকারীর উপর বর্তাবে।

(৫) কেবলমাত্র এক অর্থবছরে বাস্তবায়নযোগ্য প্রস্তাব করতে হবে।

(৬) নির্ধারিত চারটি ক্ষেত্র যথা- জীববিজ্ঞান, চিকিৎসাবিজ্ঞান ও পুষ্টিবিজ্ঞান/ফলিত বিজ্ঞান ও প্রকৌশল/ভৌতবিজ্ঞান/কৃষি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে জনগণের বিজ্ঞান সচেতনতা বাড়ানোর উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

(৭) বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠান বলতে বাংলাদেশের ভৌগলিক সীমানায় অবস্থিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কার্যাবলী পরিচালনা/উন্নয়নমূলক কাজ সম্পাদন/বিজ্ঞান বিষয়ক জার্নাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী আয়োজনকারী বিশ্ববিদ্যালয়/বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন এবং বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠান/সংগঠনকে বুঝাবে। এ ব্যাপারে পাবলিক বিশ্ববিদ্যালয় অগ্রাধিকার প্রাপ্ত হবে।

(৮) আর্থিক অনুদানের পরিমাণ সর্বোচ্চ ০১ (এক) লক্ষ টাকা।

(৯) চূড়ান্তভাবে নির্বাচিত হলে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নির্ধারিত বাক্যসম্বলিত হলফনামা প্রদান করতে হবে।

(১০) অনুদানের অর্থ দ্বারা কী কী কাজ, কখন ও কোথায় বাস্তবায়ন করা হবে তা আবেদনপত্রের সংশ্লিষ্ট অনুচ্ছেদে পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে।

(১১) প্রতিষ্ঠান যে উপজেলায় অবস্থিত সেখানকার ইউএনও/উপজেলা শিক্ষা কর্মকর্তা বা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তা বা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিস্ট্রার কর্তৃক নির্ধারিত ফরমেটে সুপারিশপত্র পূরণপূর্বক আপলোড করতে হবে।

(১২) সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠানের যোগ্যতা ও করণীয়-

(ক) সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠানের নিবন্ধন অনুমোদন/স্বীকৃতির প্রমাণক সংযুক্ত/আপলোড করতে হবে।

(খ) বিজ্ঞানের প্রধান ০৪টি শাখা যথা- জীববিজ্ঞান, চিকিৎসাবিজ্ঞান ও পুষ্টি বিজ্ঞান/ফলিতবিজ্ঞান ও প্রকৌশল /ভৌতবিজ্ঞান/কৃষি ও পরিবেশবিজ্ঞান বিষয়ক কার্যক্রমের প্রমাণক সংযুক্ত করতে হবে।

(গ) বিজ্ঞানসেবী সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে।

(ঘ) সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে।

(ঙ) গঠনতন্ত্র অনুযায়ী সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠানের নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনের সাথে আপলোড করতে হবে।

(চ) সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে।

(ছ) সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠানের নামে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংকে একটি হিসাব থাকতে হবে এবং বিগত ০১ (এক) বছরের গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট, অঙ্গীকারনামা ও অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনসহ বাৎসরিক আয়-ব্যয়ের বিবরণী আবেদনপত্রের সাথে আপলোড করতে হবে।

(জ) আবেদনকারী সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠানের অডিট রিপোর্টে অন্যান্য উৎস হতে প্রাপ্ত সরকারী অনুদানের হিসাবও লিপিবদ্ধ করতে হবে।

(ঝ) বিগত অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রাপ্ত অনুদানের ব্যয় বিবরণী আপলোড করতে হবে।

(১৩) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে ২০২৪-২০২৫ অর্থবছরের অন্য কোন অনুদান গ্রহণ করলে উক্ত সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠান এ অনুদানের যোগ্য হবে না।

(১৪) আবেদনের সাথে দাখিলকৃত তথ্য/প্রমাণক অসত্য/ভূয়া প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট সংস্থা/সংগঠন/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্র ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রের প্রিন্ট কপি/ফটোকপি একত্রে ডাকযোগে (অধিশাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, কক্ষ নং ৯১৯, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০) প্রেরণ করতে হবে। **মন্ত্রণালয়ে আবেদন পৌঁছানোর শেষ তারিখ ১৫ জুলাই ২০২৪।**

৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আবেদনের সময়সীমা ও শর্তাবলি পরিবর্তন বা অনুদান ব্যবস্থাপনার স্বার্থে যে কোন নতুন শর্ত আরোপ করার অধিকার সংরক্ষণ করে।

(আবেদন সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে সংশ্লিষ্ট (https://support.most.gov.bd/en/login) সাইটে পোষ্ট করুন অথবা সাপোর্ট নম্বরে (+880 1713-157012, +880 1796-244480) যোগাযোগ করুন।

(রতন কুমার মন্ডল)
উপসচিব
ফোনঃ ৯৫১৫৪৩৩
E-mail:section12@most.gov.bd

# সুপারিশ পত্র

এ মর্মে সুপারিশ করা যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আর্থিক অনুদানের জন্য (সংস্থা/প্রতিষ্ঠানের নাম)........................................................................................ এর পক্ষে আবেদন দাখিলকারী জনাব...........................................................................আমার পরিচিত। আবেদন পত্রের সংশ্লিষ্ট অনুচ্ছেদে প্রস্তাবিত কার্যাবলী সম্পর্কে তিনি আমাকে অবহিত করেছেন। বিজ্ঞান বিষয়ক উক্ত কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে প্রতিষ্ঠানটির অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য আমি সুপারিশ করছি।

সুপারিশপত্র প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর,
তারিখ, মোবাইল নম্বর ও সীলমোহর